## পঞ্চম অধ্যায়

# বাংলাদেশের সমাজ



### শিক্ষার্থীরা যা জানবে–

- সমাজের ধারণা
- সমাজজীবনে প্রাকৃতিক ও ভৌগোলিক পরিবেশের প্রভাব
- সমাজ বিকাশের বিভিন্ন স্তর যেমন : শিকার ও খাদ্যসংগ্রহভিত্তিক, উদ্যানকৃষি, পশুপালন, কৃষিভিত্তিক, শিল্পভিত্তিক ও শিল্পবিপ্লব–পরবর্তী সমাজের আর্থসামাজিক ও সাংস্কৃতিক অবস্থা
- বিবর্তনের বৈশিষ্ট্যগত দিক থেকে বাংলাদেশের সমাজের প্রকৃতি
- কৃষিভিত্তিক সমাজ ও আধুনিক সমাজের উৎপাদন পদ্ধতির তুলনা
- সমাজ বিকাশে বিবর্তনের গুরুত্ব

### বিষয়–সংক্ষেপ

মানুষ সামাজিক জীব। তাই সে সমাজ ছাড়া একা বাস করতে পারে না। মানুষ একে অপরের সাথে সম্পর্ক তৈরি করতে গিয়ে সমাজ গড়ে তুলেছে।

## বোর্ড বইয়ের অনুশীলনীর প্রশ্ন ও উত্তর

### ■ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১. **সমাজ গঠনের প্রথম ধাপ কোনটি?**
ক গোত্র   খ গোষ্ঠী   গ সম্প্রদায়   ● পরিবার

২. **নারীই প্রথম কৃষি কাজ শুরু করেন, কারণ তাদের ছিল–**
i. সৃজনশীল দৃষ্টিভঙ্গি   ii. খাবার সংগ্রহের দায়িত্ব পালন
iii. দায়িত্ব পালনের বাধ্যবাধকতা
**নিচের কোনটি সঠিক?**
ক i   খ iii   ● i ও ii   ঘ i, ii ও iii


**নিচের অনুচ্ছেদটি পড়ে ৩ ও ৪ নম্বর প্রশ্নের উত্তর দাও :**
স্কুল মাঠে একটি মেলা হচ্ছে। একটি স্টল স্পিনিং মেশিন, কাপড় বুননের তাঁত, বিদ্যুৎ তৈরির ছোট ছোট প্রজেক্ট দিয়ে সাজানো হয়েছে।

৩. **অনুচ্ছেদে স্টলটিতে কোন সমাজের নিদর্শন রয়েছে?**
ক শিকার ও খাদ্য সংগ্রহভিত্তিক   খ উদ্যান কৃষিভিত্তিক
গ কৃষিভিত্তিক   ● শিল্পভিত্তিক

৪. **উক্ত সমাজ ব্যবস্থার ফলে–**
i. অধিক উৎপাদন নিশ্চিত হয়েছে ii. কৃষির সূচনা হয়েছে
iii. যোগাযোগ সহজতর হয়েছে
**নিচের কোনটি সঠিক?**
ক i   খ i ও ii   ● i ও iii   ঘ i, ii ও iii

### ■ সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন– ১** — শিকার ও খাদ্য সংগ্রহভিত্তিক সমাজ


চিত্র –১


চিত্র –২

ক. পোড়াবাড়ি কীসের জন্য বিখ্যাত?
খ. আদিম মানুষ দলবদ্ধ হয়ে বাস করত কেন?
গ. উদ্দীপকে ১নং চিত্রটি কোন সমাজের ইঙ্গিত বহন করছে, ব্যাখ্যা কর।
ঘ. ২নং চিত্রে ইঙ্গিতকারী সমাজের উদ্ভাবক মেয়েরাই– বক্তব্যটি মূল্যায়ন কর।

**১ নং প্রশ্নের উত্তর**

**ক** পোড়াবাড়ি চমচমের জন্য বিখ্যাত।

**খ** আদিমকালে মানুষ ছিল অসহায়। তারা ছিল প্রকৃতির ওপর নির্ভরশীল। এ সময় তারা উপলব্ধি করে বেঁচে থাকার জন্যই সংঘবদ্ধ হতে হবে। আত্মরক্ষা ও জীবনধারণের জন্য এক সাথে বাস করতে হবে। প্রধানত খাদ্যসংগ্রহ ও হিংস্র প্রাণীর আক্রমণ থেকে বাঁচার জন্য আদিম মানুষ দলবদ্ধ হয়ে বাস করা শুরু করে।

**গ** উদ্দীপকে ১নং চিত্রটি শিকার ও খাদ্য সংগ্রহভিত্তিক সমাজের ইঙ্গিত বহন করছে। শিকার ও খাদ্য সংগ্রহভিত্তিক সমাজ মানবসমাজের আদিমতম রূপ। মানুষ সে সময় গুহা ও বনজঙ্গলে বাস করত। বনজঙ্গল থেকে তারা খাবার খুঁজে নিত আর শিকার করত। ফলমূল সংগ্রহ, মাছ শিকার এবং পশুপাখি শিকারই ছিল আদিমসমাজের মানুষের একমাত্র কাজ। তাদের হাতিয়ার ছিল খাঁজকাটা বলরম, মাছ ধরার হারপুন এবং হাড়ের সুই। শীত ও রোদ–বৃষ্টি থেকে রক্ষা পাওয়ার জন্য তারা গাছের ছাল ও লতাপাতা এবং পশুর চামড়া ব্যবহার করত। উদ্দীপকের ১নং চিত্রে দেখা যাচ্ছে, একজন মানুষ হাতিয়ার ছুঁড়ে হিংস্র পশু শিকার করছে। হাতিয়ারটি খাঁজকাটা বল্লমের মতো। যেন দূর থেকে ছুটে পালানো জন্তু শিকারের জন্য সে উড়ন্ত হাতিয়ার ব্যবহার করছে। গায়ে আছে গাছের ছাল, লতাপাতা এবং পশুর চামড়া। সুতরাং উপরিউক্ত আলোচনায় সুস্পষ্টভাবে প্রতীয়মান হয় যে, উদ্দীপকে ১নং চিত্রটি শিকার ও খাদ্য সংগ্রহভিত্তিক সমাজের ইঙ্গিত বহন করছে।

**ঘ** উদ্দীপকে ২নং চিত্রে উদ্যান কৃষিভিত্তিক সমাজের প্রতি ইঙ্গিত করা হয়েছে, যে সমাজে কৃষিকাজ উদ্ভাবন করেছে মেয়েরা। উদ্যানকৃষি ও পশুপালনকারী সমাজই প্রথম খাদ্য উৎপাদন শুরু করে। পাথরের হাতিয়ার দিয়ে মাটি খুঁড়ে মানুষ বীজ বুনে শুরু করে চাষাবাদ। সমাজবিজ্ঞানীরা বলেন, মেয়েরাই কৃষিকাজ উদ্ভাবন করেছে। খাবার সংগ্রহ করতে গিয়ে মেয়েরা বুনোগম ও বার্লি, আলু, কচুর মূল, কন্দ জোগাড় করত। তাদের থাকার জায়গার পাশে গম ও বার্লিদানা পড়ে গজিয়ে উঠত চারাগাছ। এ ঘটনা দেখেই মেয়েদের মনে বীজ ছিটিয়ে শস্য পাওয়ার ধারণা জন্মে। মেয়েরা জমিতে পাথরের হাতিয়ার দিয়ে গর্ত করে বীজ বুনত। আর এভাবেই সূচনা হয় কৃষিভিত্তিক সমাজের। উদ্দীপকের চিত্র–২ এ দেখা যায়, মেয়েরা জমিতে কৃষিকাজে ব্যস্ত যেখানে আধুনিক কোনো যন্ত্রপাতির ব্যবহার নেই; যা আমাদের উদ্যান কৃষিভিত্তিক সমাজের কথা মনে করিয়ে দেয়। সুতরাং বলা যায়, ২নং চিত্রে ইঙ্গিতকারী সমাজটি হলো উদ্যান কৃষিভিত্তিক সমাজ– যে সমাজের উদ্ভাবক মেয়েরাই।

## পরীক্ষা প্রস্তুতি

এ অংশে সংযোজন করা হয়েছে– সেরা স্কুলসমূহের বহুনির্বাচনি প্রশ্নোত্তর ও সৃজনশীল প্রশ্ন ও উত্তর, বিষয়ক্রম অনুযায়ী মাস্টার ট্রেইনার প্রণীত বহুনির্বাচনি প্রশ্নোত্তর ও সৃজনশীল প্রশ্ন ও উত্তর এবং নিশ্চিত কমন উপযোগী জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর। এ অংশের সঠিক অনুশীলন শিক্ষার্থীদের পরীক্ষা প্রস্তুতিকে সম্পূর্ণ করবে।

# বহুনির্বাচনি প্রশ্নোত্তর

## ■ বিষয়ক্রম অনুযায়ী বহুনির্বাচনি প্রশ্নোত্তর

### পাঠ-১ : সমাজের ধারণা ➡ বোর্ড বই, পৃষ্ঠা-৪০

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১. মিলেমিশে থাকা একতাবদ্ধ মানবগোষ্ঠীকে কী বলা হয়?** (জ্ঞান)
● সমাজ ⓚ সভ্যতা ⓖ পরিবার ⓘ সংঘবদ্ধতা

**২. সাধারণভাবে একটি সমাজে কয়টি বৈশিষ্ট্য বিদ্যমান?** [ বগুড়া জেলা স্কুল/বনশ্রী আইডিয়াল, ঢাকা]
● দুটি ⓚ তিনটি ⓖ চারটি ⓘ পাঁচটি

**৩. প্রাচীনকালে মানুষ একসাথে মিলেমিশে বসবাস করতে শুরব করে। এর ফলে তাদের মধ্যে কোনটি গড়ে উঠে?** (উচ্চতর দৰতা)
● পারস্পরিক নির্ভরতার মতো সম্পর্ক ⓚ পারস্পরিক দ্বন্দ্ব
ⓖ পারস্পরিক আত্মকলহ ⓘ পারস্পরিক বৈষম্য

**৪. সমাজ গঠনের প্রথম ধাপ কী?** [বাগেরহাট সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়; বগুড়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
● পরিবার ⓚ গোত্র ⓖ সহযোগিতা ⓘ সম্প্রদায়

**৫. জনাব করিম মানুষের মাঝে সহানুভূতি ও সাহায্য–সহযোগীতার জন্য চেষ্টা করে যাচ্ছেন। তার এ কার্যক্রম কীসের নিয়ামক?** (উচ্চতর দৰতা)
● সামাজিক সম্পর্কের ⓚ নির্ভরশীলতার সম্পর্কের
ⓖ সহানুভূতির আকার ⓘ পরস্পর দ্বন্দ্বের সমাধান

**৬. সমাজ গড়ে তুলতে আদিকালের মানুষের কোন ধারণা বেশি কাজে লাগে?** [ খুলনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
ⓚ বন্ধুত্ব ⓚ সহযোগিতা ⓖ প্রতিযোগিতা ● সংঘবদ্ধতা

**৭. আদিম মানুষ ধীরে ধীরে সমাজব্যবস্থা গড়ে তোলে কীভাবে?** (অনুধাবন)
ⓚ বন্ধুত্ব থেকে ● সংঘবদ্ধতার ধারণা থেকে
ⓖ কুসংস্কার থেকে ⓘ প্রতিযোগিতার মাধ্যমে

**৮. নিচের কোনটি ক্ষুদ্রতম সমাজ?** (জ্ঞান)
ⓚ রাষ্ট্র ⓚ সমিতি ● পরিবার ⓘ জাতি

**৯. প্রাচীনকালের কোন সময় পরিবার বলতে কিছুই ছিল না?** (প্রয়োগ)
● সমাজ গঠনের আগে ⓚ সমাজে বাস করার আগে
ⓖ পরিবার গঠনের পূর্বে ⓘ পরিবার সংঘবদ্ধ হওয়ার পূর্বে

**১০. কোন প্রাণীটি সব সময় সংঘবদ্ধ থাকে?** [বনশ্রী আইডিয়াল, ঢাকা]
ⓚ কুমির ⓚ মাছি ⓖ সাপ ● মৌমাছি

**১১. মানুষ দলবদ্ধভাবে বাস করে কেন?** (জ্ঞান)
ⓚ বন্ধুত্ব ও সহযোগিতার জন্য ● আত্মরৰা ও জীবনধারণের জন্য
ⓖ সহযোগিতা ও প্রতিযোগিতার জন্য ⓘ ঐক্য, বন্ধুত্ব ও সংঘবদ্ধতার জন্য

**১২. মানুষ একাকী বাস করতে পারে না কেন?** (অনুধাবন)
● মানুষ সামাজিক জীব ⓚ মানুষ অসহায়
ⓖ মানুষ পরনির্ভরশীল ⓘ মানুষ দুর্বল

**১৩. সমাজের মূল ভিত্তি কী?** [ন্যাশনাল বাংলা উচ্চ বিদ্যালয়]
● ঐক্য ⓚ সংঘবদ্ধতা ⓖ বন্ধুত্ব ⓘ পাড়াপ্রতিবেশী

**১৪. আদিকালে মানুষ কীসে উদ্বুদ্ধ হয়ে দলবদ্ধভাবে বসবাস করতে শুরব করে?** (অনুধাবন)
ⓚ প্রেমপ্রীতি, স্নেহমমতা ইত্যাদির অনুপ্রেরণায়
● হিংস্র জানোয়ারের কবল থেকে আত্মরৰা করতে
ⓖ কৃষিকাজকে জীবিকা হিসেবে গ্রহণ করতে
ⓘ আগুনের ব্যবহার আয়ত্ত করতে

**১৫. কোনো কাক বিপদে পড়লে সব কাক তাকে বাঁচাতে আসে কীভাবে?** (অনুধাবন)
● দলবেঁধে ⓚ পৃথকভাবে ⓖ ডাকাডাকি করে ⓘ বিচ্ছিন্নভাবে

**১৬. মৌমাছির আচরণের সঙ্গে মানুষের আচরণের মিল প্রকাশ পায় কোনটি?** (প্রয়োগ)
ⓚ সহযোগিতা ⓚ প্রতিযোগিতা ⓖ সমাজবদ্ধতা ● দলবদ্ধতা

**১৭. মানুষ একসঙ্গে বাস করার ফলে তাদের মাঝে কী সৃষ্টি হয়?** (অনুধাবন)
ⓚ শৃঙ্খলাবদ্ধ ও পরোপকারী ⓚ প্রতিযোগিতা ও বিরোধ
● বন্ধুত্ব ও সহযোগিতা ⓘ দ্বন্দ্ব ও সংঘাত

**১৮. মানুষ দলবদ্ধভাবে বাস করে–এ বৈশিষ্ট্য প্রকৃতির কোন পতঙ্গের মধ্যে দেখতে পাওয়া যায়?** (প্রয়োগ)
ⓚ মশা ও মাছি ● উইপোকা ও মৌমাছি
ⓖ লেদাপোকা ও বিছাপোকা ⓘ রেশমপোকা ও ঘাসফড়িং

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১৯. মানুষ ছড়িয়ে পড়েছে–** (উচ্চতর দৰতা)
i. পরিবার থেকে গোত্রে ii. সম্প্রদায়ে
iii. জাতিগোষ্ঠীতে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓚ ii ⓖ iii ● i, ii ও iii

**২০. আদিম মানুষ সমাজবদ্ধভাবে বাস করা শুরু করে–** (জ্ঞান)
i. আহারের জন্য ii. বাসস্থানের জন্য iii. নিরাপত্তার জন্য
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓚ i ও ii ⓖ ii ও iii ● i, ii ও iii

**২১. সমাজের ছোট ছোট প্রতিষ্ঠান হলো–** (প্রয়োগ)
i. পরিবার ii. গোত্র, ক্লাব iii. সমিতি
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓚ ii ⓖ iii ● i, ii ও iii

**২২. পিঁপড়া ও উইপোকার মতো যে আচরণটি মানুষের মধ্যে লক্ষণীয়–** [সাতক্ষীরা পুলিশ লাইন মাধ্যমিক বিদ্যালয়]
i. দলবদ্ধভাবে বসবাস ii. খাদ্য সংগ্রহ
iii. আত্মরক্ষা ও জীবনধারণ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓚ ii ⓖ iii ● i, ii ও iii

**২৩. পরিবারে গড়ে ওঠে–** (প্রয়োগ)
i. ব্যক্তিবর্গের বন্ধন ii. ব্যক্তিবর্গের কার্যকলাপ
iii. ব্যক্তিবর্গের জীবনধারা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**২৪. মানুষের সমাজে বন্ধুত্ব ও সহযোগিতার সঙ্গে রয়েছে–** (অনুধাবন)
i. পারস্পরিক দ্বন্দ্ব ii. প্রতিযোগিতা iii. বিরোধ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**২৫. সুন্দরবনে হরিণ দলবদ্ধভাবে বাস করে। এ বৈশিষ্ট্য যে সমাজের মানুষের মধ্যে ছিল–** [গভ. ল্যাবরেটরি হাই স্কুল, ঢাকা]
i. আদিম সমাজে ii. প্রাচীন সমাজে
iii. আধুনিক সমাজে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓚ ii ও iii ⓖ i ও iii ⓘ i, ii ও iii

**২৬. উইপোকার সাথে মানুষের যে বৈশিষ্ট্যের মিল রয়েছে–** (প্রয়োগ)
i. দলবদ্ধ হয়ে বাস ii. পারস্পরিক দ্বন্দ্ব
iii. সমবেতভাবে খাদ্য সংগ্রহ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**২৭. একত্রে বাস করার ফলে মানুষে মানুষে সৃষ্টি হয়–** [ মতিঝিল মডেল স্কুল এন্ড কলেজ, ঢাকা]
i. বন্ধুত্ব ও আত্মীয়তার সম্পর্ক ii. অর্থনৈতিক সম্পর্ক
iii. সামাজিক সম্পর্ক
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও :**
প্রাচীনকালে অসহায়ত্ব থেকে মুক্তি পাওয়ার জন্য মানুষ সংঘবদ্ধ হয়েছিল। গড়ে তুলেছিল পরিবার। যার মাধ্যমে পর্যায়ক্রমে সৃষ্টি হয় বৃহত্তর সমাজ।

**২৮. অনুচ্ছেদে কোনটি বর্ণিত হয়েছে?** (প্রয়োগ)
● সমাজ সৃষ্টির ইতিহাস ⓚ প্রাচীন মানুষের ইতিহাস
ⓖ আদিম সমাজের ইতিহাস ⓘ প্রাচীন সমাজের ইতিহাস

**২৯. সমাজ সৃষ্টির উদ্দেশ্য ছিল –** (উচ্চতর দক্ষতা)
i. সংঘবদ্ধভাবে বসবাস
ii. পরস্পর সহযোগিতা

iii. নির্ভরশীল জীবনযাপন
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓑ i ও iii ⓒ ii ও iii ⓓ i, ii ও iii

## পাঠ-২ : সমাজজীবনে প্রাকৃতিক ও ভৌগোলিক পরিবেশের প্রভাব ➡ বোর্ড বই, পৃষ্ঠা-৪১

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৩০. পৃথিবীর সব প্রাচীন সভ্যতা কোথায় গড়ে উঠেছিল?**
[সাতক্ষীরা পুলিশ লাইন মাধ্যমিক বিদ্যালয়; রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]
ⓐ সমভূমি অঞ্চলে ⓑ অববাহিকা অঞ্চলে
ⓒ মালভূমি অঞ্চলে ● নদী তীরবর্তী অঞ্চলে

**৩১. টাইগ্রিস ও ইউফ্রেটিস নদীর মধ্যবর্তী অঞ্চলে কোন সভ্যতা বিকাশ লাভ করে?** (জ্ঞান)
ⓐ রোমান ⓑ মিশরীয় ⓒ সিন্ধু ● মেসোপটেমীয়

**৩২. ফরিদপুর কীসের জন্য বিখ্যাত ছিল?** (জ্ঞান)
● খেজুরগুড় ⓑ শীতলপাটি
ⓒ মসলিন শাড়ি ⓓ মিঠাই ও মণ্ডা

**৩৩. কোনটি মানুষকে অধিকাংশ ক্ষেত্রেই নিয়ন্ত্রণ করে?** (জ্ঞান)
● পরিবেশ ⓑ শিক্ষা ⓒ সভ্যতা ⓓ সংস্কৃতি

**৩৪. বাংলাদেশের কোথায় তুঁতগাছ জন্মে?** (জ্ঞান)
ⓐ ঢাকায় ⓑ নওগাঁয় ⓒ বরিশালে ● রাজশাহীতে

**৩৫. মুক্তাগাছা কী জন্য প্রসিদ্ধি লাভ করেছে?** (জ্ঞান)
ⓐ চমচম ● মণ্ডা ⓒ শীতলপাটি ⓓ খেজুরগুড়

**৩৬. বাংলাদেশের প্রাচীন সভ্যতা কোন অববাহিকায় বিকাশ লাভ করেছে?**
[বগুড়া জেলা স্কুল / বিএন স্কুল ও কলেজ]
ⓐ মেঘনা ● গঙ্গা ⓒ বদ্বীপ ⓓ যমুনা

**৩৭. কোনটি পোশাক পরিচ্ছদ ও ঘরবাড়ির বৈশিষ্ট্যকে প্রভাবিত করে?**
[যশোর জিলা স্কুল]
ⓐ ব্যক্তির রুচি ⓑ পরিবারের ইচ্ছা অনিচ্ছা
● ভৌগোলিক পরিবেশ ⓓ সামাজিক মর্যাদা

**৩৮. ভূমিকম্পপ্রবণ অঞ্চলে মানুষ ঘরবাড়ি তৈরিতে বেশি ব্যবহার করে কোনটি?** (জ্ঞান)
ⓐ ছন ⓑ খড় ⓒ বাঁশ ● কাঠ

**৩৯. নারায়ণগঞ্জে অনেক আগে থেকেই শিল্প প্রতিষ্ঠান গড়ে উঠেছে কেন?** (অনুধাবন)
● নৌ যোগাযোগের কারণে ⓑ পাটশিল্প বিকাশের কারণে
ⓒ তাঁত শিল্পের কারণে ⓓ মসলিন শিল্পের কারণে

**৪০. মানব সমাজের প্রকৃতি, আচার-আচরণ ও সংস্কৃতির ওপর স্পষ্ট প্রভাব ফেলে কোনটি?** (জ্ঞান)
ⓐ নদনদী ● পরিবেশ ⓒ সভ্যতা ⓓ শিক্ষাদীক্ষা

**৪১. কোনো অঞ্চলের পেশা নির্ধারিত হয় কীসের ওপর?** (অনুধাবন)
ⓐ সংস্কৃতির ● প্রাকৃতিক সম্পদের
ⓒ সমুদ্রের ⓓ আচার-আচরণের

**৪২. নীল নদের তীরে কোন সভ্যতা গড়ে উঠেছিল?**
[রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা, উত্তরা হাইস্কুল, ঢাকা]
● মিশরীয় ⓑ মেসোপটেমীয় ⓒ রোমান ⓓ চৈনিক

**৪৩. সিলেট কীসের জন্য খ্যাতি লাভ করেছে?** (জ্ঞান)
ⓐ রেশম শিল্পের ⓑ বস্ত্র শিল্পের ⓒ পিঠা পুলির ● শীতলপাটির

**৪৪. গ্রীষ্মপ্রধান এলাকার মানুষ কী ধরনের কাপড় পরে?** (জ্ঞান)
● হালকা সুতি কাপড় ⓑ ভারী লিনেন কাপড়
ⓒ হালকা রেশমি কাপড় ⓓ গরম উলের কাপড়

**৪৫. ঢাকার কোথায় বিখ্যাত ঢাকাই শাড়ি বোনা হয়?**
[সাতক্ষীরা পুলিশ লাইন মাধ্যমিক বিদ্যালয়]
ⓐ নবাবপুর ⓑ তাঁতিবাজার ⓒ ইসলামপুর ● ডেমরায়

**৪৬. শিল্পভিত্তিক সমাজে বাংলাদেশের বেশিরভাগ অঞ্চলের যানবাহন ছিল নৌকা, লঞ্চ ও স্টিমার। এ থেকে কোন বিষয়টি ফুটে উঠেছে?** (উচ্চতর দক্ষতা)
ⓐ বাংলাদেশে নদীতীরে সভ্যতা গড়ে ওঠে
ⓑ বাংলাদেশে আদিম সমাজের অস্তিত্ব ছিল
ⓒ বাংলাদেশ ভৌগোলিক পরিবেশ দ্বারা প্রভাবিত
● বাংলাদেশ একটি নদীমাতৃক দেশ

**৪৭. রাজশাহীতে রেশমি শাড়ি ও বস্ত্রশিল্প গড়ে উঠেছে কেন?** [যশোর জিলা স্কুল]
● এ অঞ্চলে তুঁতগাছ জন্ম নেওয়ায়
ⓑ এ অঞ্চলে প্রচুর নদনদী থাকায়
ⓒ এ অঞ্চলে অনুকূল আবহাওয়া থাকায়
ⓓ এ অঞ্চলে রেশমি শাড়ির ব্যাপক চাহিদা থাকায়

**৪৮. শীতপ্রধান অঞ্চলের মানুষ কী ধরনের কাপড় পড়ে?**
[রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]
ⓐ সুতি কাপড় ⓑ গরদ কাপড় ● পশমি কাপড় ⓓ লিলেন কাপড়

**৪৯. তুঁত গাছে বাসা বাঁধে কোনটি?**
[ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ,ঢাকা; বিইউএসএন, পার্বতীপুর, দিনাজপুর]
ⓐ লেদা পোকা ⓑ নীল পতঙ্গ ● রেশম কীট ⓓ তোতা পাখি

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৫০. ভূমধ্যসাগর তীরবর্তী অঞ্চলে বিকাশ লাভ করে—** (অনুধাবন)
i. গ্রিক সভ্যতা ii. রোমান সভ্যতা iii. মিশরীয় সভ্যতা
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓑ i ও iii ⓒ ii ও iii ⓓ i, ii ও iii

**৫১. যেসব এলাকায় যোগাযোগ ব্যবস্থা উন্নত সেখানে সহজে গড়ে ওঠে—** (প্রয়োগ)
i. শিল্প ii. নগর সভ্যতা iii. সংস্কৃতি
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓑ i ও iii ⓒ ii ও iii ⓓ i, ii ও iii

**৫২. রাজশাহীতে গড়ে উঠেছে—** (অনুধাবন)
i. রেশমি শাড়ি শিল্প ii. বস্ত্র শিল্প
iii. শীতলপাটি তৈরির শিল্প
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓑ i ও iii ⓒ ii ও iii ⓓ i, ii ও iii

**৫৩. মানুষের জীবন প্রভাবিত হয়—** (উচ্চতর দক্ষতা)
i. আদি পরিবেশ দ্বারা ii. প্রাকৃতিক পরিবেশ দ্বারা
iii. ভৌগোলিক পরিবেশ দ্বারা
**নিচের কোনটি সঠিক?**
ⓐ i ও ii ⓑ i ও iii ● ii ও iii ⓓ i, ii ও iii

**৫৪. ঢাকাই শাড়ি ডেমরায় বিকাশ লাভ করার কারণ—** (অনুধাবন)
i. অনুকূল আবহাওয়া ii. নদীবহুলতা iii. শিল্প সমৃদ্ধি
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓑ i ও iii ⓒ ii ও iii ⓓ i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৫৫ ও ৫৬ নং প্রশ্নের উত্তর দাও :**
শ্রেণিকক্ষে শিক্ষক আব্দুর রহমান প্রাচীন মেসোপটেমীয় সভ্যতা নিয়ে আলোচনা করছিলেন। তিনি বললেন, পৃথিবীর প্রায় সব প্রাচীন সভ্যতাই নদী তীরবর্তী অঞ্চলে গড়ে উঠেছে।

**৫৫. উক্ত সভ্যতা বিকাশ লাভ করছে—** (প্রয়োগ)
i. নীল নদের তীরে ii. গঙ্গার ধারে
iii. টাইগ্রীস ও ইউফেট্রিস নদীর তীরে
**নিচের কোনটি সঠিক?**
ⓐ i ⓑ ii ● iii ⓓ i ও iii

**৫৬. নদী তীরবর্তী অঞ্চলে উক্ত সভ্যতা বিকাশ লাভ করার মূল কারণ কী?** (উচ্চতর দক্ষতা)
● সহজে কৃষি, যাতায়াত ও ব্যবসা-বাণিজ্য সম্ভব হতো বলে
ⓑ আবহাওয়া ও জলবায়ু বসবাসের উপযোগী ছিল বলে
ⓒ মৎস্য শিকার ও খাদ্য সংগ্রহ সহজ হতো বলে
ⓓ বিভিন্ন জাতিগোষ্ঠী নদী তীরবর্তী অঞ্চলে একত্রিত হতো বলে

## পাঠ-৩ ও ৪ : সমাজ বিকাশের বিভিন্ন স্তর : শিকার ও খাদ্যসংগ্রহ, উদ্যানকৃষি ও পশুপালন সমাজ ➡ বোর্ড বই, পৃষ্ঠা-৪২

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৫৭. প্রাচীনকাল থেকে আজ পর্যন্ত সমাজ বিকাশের বিভিন্ন স্তরসমূহকে কত ভাগে ভাগ করা যায়?** (জ্ঞান)
ⓐ চার ⓑ পাঁচ ● ছয় ⓓ সাত

**৫৮. কোন সমাজে সর্বপ্রথম ব্যক্তিগত সম্পত্তির ধারণা জন্মে?** [উদয়ন স্কুল এন্ড কলেজ]
ⓐ কৃষিভিত্তিক ⓑ উদ্যান কৃষিভিত্তিক ⓒ শিল্পভিত্তিক ● পশুপালনকারী

**৫৯. আদিম মেয়েরা কী করত?** [ভি. জে সরকারি উচ্চ বিদ্যালয়, চুয়াডাঙ্গা]
ⓐ মাছ শিকার ⓑ পাখি শিকার ● ফলমূল সংগ্রহ ⓓ পশু শিকার

**৬০. বিনিময় প্রথা কোন সমাজে আবিষ্কৃত হয়?** [সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, রংপুর]
● পশুপালনকারী ⓑ শিল্পভিত্তিক ⓒ শিল্পভিত্তিক ⓓ কৃষিভিত্তিক

**৬১. শিকার ও খাদ্য সংগ্রহভিত্তিক সমাজে দলপতি কে হতেন?** (জ্ঞান)

● গোষ্ঠীর শক্তিশালী লোক ⓚ গোষ্ঠীর বয়োজ্যেষ্ঠ লোক
ⓖ গোষ্ঠীর কনিষ্ঠ লোক ⓘ গোষ্ঠীর বয়োজ্যেষ্ঠ মহিলা

**৬২. কোন বিষয়টি শিকার ও খাদ্য সংগ্রহভিত্তিক সমাজজীবনকে মৌলভাবে প্রভাবিত করে?** (উচ্চতর দক্ষতা)
ক কৃষিকাজ উদ্ভাবন ● হাতিয়ার তৈরি
গ খাবার সংগ্রহ ঘ স্থানীয় বসতি স্থাপন

**৬৩. মানুষ কী দিয়ে মাটি খুঁড়ে বীজ বুনে চাষাবাদ করত?** [সাতক্ষীরা পুলিশ লাইন মাধ্যমিক বিদ্যালয়]
ক কোদাল খ লাঙল গ ফলা ● পাথরের হাতিয়ার

**৬৪. কোন প্রাকৃতিক ঘটনা থেকে আদিম সমাজের মেয়েরা শস্য উৎপাদনের ধারণা পায়?** (প্রয়োগ)
ক গাছে ফুল থেকে ফল জন্মানো খ ঋতুর ধারাবাহিক পরিবর্তন
● শস্যদানা থেকে চারাগাছ গজানো ঘ এক এক গাছে ভিন্ন ধরনের ফল

**৬৫. উদ্যান কৃষিভিত্তিক সমাজের যন্ত্রপাতি কী দিয়ে তৈরি হতো?** (জ্ঞান)
ক মাটি ও পাথর খ কাঠ ও মাটি গ বালি ও পাথর ● পাথর ও কাঠ

**৬৬. উদ্যান কৃষিভিত্তিক সমাজ বিকশিত হয়ে কোন সমাজে পরিণত হয়?** (জ্ঞান)
ক কৃষিভিত্তিক ● পশুপালনকারী গ শিল্পভিত্তিক ঘ শিকারভিত্তিক

**৬৭. কোন সমাজের মানুষ সর্বপ্রথম বন্যপশুকে পোষ মানাতে শুরু করে?** (জ্ঞান)
ক শিকারভিত্তিক খ কৃষিভিত্তিক
গ খাদ্য সংগ্রহভিত্তিক ● পশুপালনকারী

**৬৮. বর্তমান চীন রাষ্ট্র তাদের চাহিদার তুলনায় অধিক খাদ্য উৎপাদন করে। এ রাষ্ট্রটি আদিম যুগের কোন সমাজের সাথে সাদৃশ্যপূর্ণ?** (উচ্চতর দক্ষতা)
● পশুপালনকারী খ কৃষিভিত্তিক
গ খাদ্য সংগ্রহভিত্তিক ঘ শিকার সংগ্রহভিত্তিক

**৬৯. উদ্যান কৃষি ও পশুপালনকারী সমাজই প্রথম কী উৎপাদন শুরু করে?** [শামসুল হক খান স্কুল এন্ড কলেজ, ঢাকা]
ক গাছপালা ● খাদ্য গ পশুর চামড়া ঘ হাড়ের সুই

**৭০. সমাজ বিকাশের কোন স্তরে মানুষ গুহা ও বনজঙ্গলে বাস করত?** (জ্ঞান)
ক উদ্যান কৃষিভিত্তিক সমাজ খ কৃষিভিত্তিক সমাজ
গ পশুপালনকারী সমাজ ● শিকার ও খাদ্য সংগ্রহভিত্তিক সমাজ

**৭১. কীসের উন্নতির ফলে পুরনো সমাজ দ্রুত পরিবর্তিত হয়ে আধুনিক সমাজ গঠিত হয়েছে?** (অনুধাবন)
ক রাস্তাঘাটের খ শিল্প সাহিত্যের গ যানবাহনের ● জ্ঞান বিজ্ঞানের

**৭২. নিচের কোনটি সদা পরিবর্তনশীল?** [নড়াইল সরকারি উচ্চ বিদ্যালয়]
ক রাষ্ট্র ● সমাজ গ মূল্যবোধ গ পরিবার

**৭৩. বীজ বুনে চাষাবাদ শুরু হয় সমাজ বিকাশের কোন স্তরে?** (জ্ঞান)
● উদ্যান কৃষিভিত্তিক সমাজে খ পশুপালনকারী সমাজে
গ শিকার ও খাদ্যসংগ্রহভিত্তিক সমাজে ঘ কৃষিভিত্তিক সমাজে

**৭৪. কোনটি আদিম মানুষের হাতিয়ার?** [আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল, ঢাকা]
ক তীর ● খাঁজকাটা বলম গ কাঠ ঘ ঘুড়ি

**৭৫. শিকার ও খাদ্য সংগ্রহভিত্তিক সমাজের মানুষ কোথায় বাস করত?** (অনুধাবন)
ক তৃণভূমির কাছে ● গুহা ও বনজঙ্গলে
গ কুমেরু অঞ্চলে ঘ পাহাড়ি এলাকায়

**৭৬. শীত ও রোদ-বৃষ্টি থেকে রক্ষা পেতে আদিম মানুষ কী ব্যবহার করত?** (জ্ঞান)
ক তলোয়ার খ হারপুন ● গাছের ছাল ঘ মাছের কাঁটা

**৭৭. খাদ্য উৎপাদন করা শুরু হয় প্রথম কোন সমাজে?** (জ্ঞান)
ক শিকার সংগ্রহভিত্তিক সমাজে ক পশুপালনকারী সমাজে
গ খাদ্য সংগ্রহভিত্তিক সমাজে ● উদ্যান কৃষিভিত্তিক সমাজে

**৭৮. শিকার ও খাদ্য সংগ্রহভিত্তিক সমাজের পুরুষরা কী করত?** (জ্ঞান)
● পশুপাখি শিকার খ গৃহস্থালির কাজ
গ পশুর খাদ্যের সন্ধান ঘ জমি চাষাবাদ

**৭৯. সমাজ বিকাশের দ্বিতীয় স্তর কোনটি?** [উদয়ন স্কুল এন্ড কলেজ]
ক শিকার ও খাদ্য সংগ্রহভিত্তিক সমাজ খ পশুপালনকারী সমাজ
গ কৃষিভিত্তিক সমাজ ● উদ্যানভিত্তিক সমাজ

**৮০. উদ্যান কৃষিভিত্তিক সমাজ ও পশুপালন সমাজকে প্রায় একই কালের বলে মনে করা হয় কেন?** (অনুধাবন)
ক একই কালে উভয় সমাজে বিনিময় প্রথা আবিষ্কার হয়
খ একই কালে উভয় সমাজে খাদ্য উৎপাদনব্যবস্থা শুরু হয়
গ একই কালে উভয় সমাজে ব্যক্তিগত সম্পত্তির ধারণা পাওয়া যায়
● একই কালে উভয় সমাজের বিকাশ হয়

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৮১. চাষাবাদের সাহায্যে খাদ্য উৎপাদন শুরু করে—** (অনুধাবন)
i. উদ্যান কৃষিভিত্তিক সমাজের মানুষ ii. পশুপালনকারী সমাজের মানুষ
iii. কৃষিভিত্তিক সমাজের মানুষ
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৮২. আদিম গোষ্ঠীবদ্ধ মানুষ হাতিয়ার হিসেবে ব্যবহার করত—** [বি. এ. এফ এ শাহীন স্কুল এন্ড কলেজ]
i. বলরম ii. হারপুন iii. সুই
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**৮৩. উদ্যান কৃষিভিত্তিক সমাজের মেয়েরা যেসব খাবার সংগ্রহ করত তার মধ্যে অন্যতম হলো—** [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]
i. বুনোগম ii. আলু
iii. কচুর মূল ও কন্দ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**৮৪. আদিম মানুষেরা দলপতি বানাত—** [ভি. জে. সরকারি উচ্চ বিদ্যালয়, চুয়াডাঙ্গা]
i. গোষ্ঠীর বুদ্ধিমান লোককে ii. গোষ্ঠীর শক্তিশালী লোককে
iii. গোষ্ঠীর বয়স্ক লোককে
**নিচের কোনটি সঠিক?**
ক i ● ii গ iii ঘ i ও iii

**৮৫. পশুপালনকারী সমাজ যে ভৌগোলিক পরিবেশ নিয়ে বিস্তৃত ছিল—** (উচ্চতর দক্ষতা)
i. তৃণভূমি ও মরুভূমি ii. বনভূমি
iii. পাহাড়-পর্বত
**নিচের কোনটি সঠিক?**
ক i খ i ও ii ● i ও iii ঘ ii ও iii

**৮৬. পশুপালনকারী সমাজের মানুষ পোষ মানাতে শুরু করে—** (অনুধাবন)
i. গরু-ছাগল ও ভেড়াকে ii. উট ও বলগা হরিণকে
iii. মহিষ ও দুম্বাকে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের চিত্রগুলো অনুসরণ করে ৮৭ ও ৮৮ নং প্রশ্নের উত্তর দাও :**



**৮৭. চিত্রে প্রদর্শিত হাতিয়ারগুলো কোন সমাজে ব্যবহৃত হতো?** (প্রয়োগ)
● শিকার ও খাদ্য সংগ্রহভিত্তিক খ উদ্যান ও কৃষিভিত্তিক
গ পশু পালনভিত্তিক ঘ শিল্পভিত্তিক

**৮৮. উক্ত হাতিয়ারগুলো ব্যবহৃত হতো—** (উচ্চতর দক্ষতা)
i. খাদ্য সংগ্রহে ii. শিকারে
iii. চাষাবাদে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৮৯ ও ৯০ নং প্রশ্নের উত্তর দাও :**
অতীতের সমাজব্যবস্থা এমন ছিল যে সেখানে শীত থেকে রক্ষা পাওয়ার জন্য মানুষ পশুর চামড়া ব্যবহার করত। পরবর্তীতে তাঁতশিল্পের জন্ম হয়েছে।

**৮৯. বর্ণিত অনুচ্ছেদে কোন সমাজব্যবস্থার ধারণা পাওয়া যায়?** (প্রয়োগ)
● শিকার ও খাদ্য সংগ্রহভিত্তিক সমাজ খ শিল্পভিত্তিক সমাজ
গ পশুপালনকারী সমাজ ঘ শিল্পবিপ্লব পরবর্তী সমাজ

**৯০. অনুচ্ছেদে সমাজ সম্পর্কে যে ধারণা পাওয়া যায় তা হলো—** (উচ্চতর দক্ষতা)
i. সমাজ বিকাশমান ii. সমাজ পরিবর্তনশীল
iii. সমাজ আধুনিক
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

## ➲ পাঠ-৫ ও ৬ : সমাজ বিকাশের বিভিন্ন স্তর : কৃষি, শিল্প ও শিল্পবিপ্লব পরবর্তী সমাজ

➡ বোর্ড বই, পৃষ্ঠা-৪৪

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৯১. **সমাজ বিকাশের কোন স্তরে মানুষ লাঙল উদ্ভাবন করে?** (জ্ঞান)
ক উদ্যান কৃষিভিত্তিক সমাজ ● কৃষিভিত্তিক সমাজ
গ পশুপালনকারী সমাজ ঘ খাদ্য সংগ্রহভিত্তিক সমাজ

৯২. **কোন সমাজের মানুষ প্রথম স্থায়ীভাবে বসবাস শুরু করে?** (জ্ঞান)
ক পশুপালনকারী সমাজের খ শিল্পবিপ্লব পরবর্তী সমাজের
● কৃষিভিত্তিক সমাজের ঘ শিল্পভিত্তিক সমাজের

৯৩. **শিল্পবিপ্লবের পথিকৃৎ বলা হয় কোন দেশকে?** (জ্ঞান)
ক আমেরিকা ● ইংল্যান্ড গ ফ্রান্স ঘ ইতালি

৯৪. **জ্ঞান–বিজ্ঞানের প্রতি মানুষের আকর্ষণ বেড়ে যায় কখন?** (জ্ঞান)
ক প্রাচীন গিসে খ প্রাচীন রোমে
গ ইউরোপে ● ইউরোপের মধ্যযুগে

৯৫. **কে আমেরিকা আবিষ্কার করেন?** (জ্ঞান)
ক ম্যাগেলান খ দ্য ড্রেক গ নিউটন ● কলম্বাস

৯৬. **কত সালে কলম্বাস আমেরিকায় পৌঁছে গিয়েছিলেন?** (জ্ঞান)
ক ১৪৯১ ● ১৪৯২ গ ১৬৮৫ ঘ ১৬৮৮

৯৭. **মাধ্যাকর্ষণ তত্ত্ব কে আবিষ্কার করেন?** (জ্ঞান)
● নিউটন খ ম্যাগেলান গ কলম্বাস ঘ ডালটন

৯৮. **কত সালে বৈজ্ঞানিক আবিষ্কারের সূচনা হয়?** (জ্ঞান)
ক ১৬৮০ খ ১৬৮২ ● ১৬৮৫ ঘ ১৬৮৬

৯৯. **শিল্পবিপরব পরবর্তী সমাজে শক্তির উৎস হিসেবে কোনটি মানুষ ও পশুর স্থান দখল করে নেয়?** (জ্ঞান)
ক লাঙলের ব্যবহার ● যন্ত্রের ব্যবহার গ পাথরের ব্যবহার ঘ হাতিয়ার

১০০. **'ক' সমাজে সম্পত্তির মালিকদের বদলে পেশাজীবী, বিজ্ঞানী প্রভৃতি খাতের সাথে যুক্ত মানুষেরা গুরবত্বপূর্ণ হয়ে ওঠে। 'ক' নিচের কোন সমাজকে ইঙ্গিত করে?** (প্রয়োগ)
● শিল্পবিপরব পরবর্তী সমাজ খ কৃষিভিত্তিক সমাজ
গ পশুপালনকারী সমাজ ঘ উদ্যান কৃষিভিত্তিক সমাজ

১০১. **রিয়া যোগাযোগের মাধ্যম হিসেবে মোবাইল ফোন, কম্পিউটার, ফেসবুক প্রভৃতি ব্যবহার করে। রিয়াকে কোন সমাজের অন্তর্ভুক্ত বলা যায়?** (প্রয়োগ)
ক কৃষিভিত্তিক সমাজ খ পশুপালনকারী সমাজ
গ উদ্যান কৃষিভিত্তিক সমাজ ● শিল্পবিপ্লব পরবর্তী সমাজ

১০২. **কৃষিভিত্তিক সমাজের ভিত্তি কী ছিল?** [বগুড়া ক্যান্টমেন্ট পাবলিক স্কুল ও কলেজ]
ক পাথরের হাতিয়ার ● লাঙল গ লোহার কোদাল ঘ শস্য বীজ

১০৩. **কী আবিষ্কারের ফলে উৎপাদন ব্যবস্থায় বিপ্লব সূচিত হয়?** (জ্ঞান)
ক স্টিম টারবাইন খ বিদ্যুৎ গ স্পিনিং মেশিন ● বাষ্পচালিত ইঞ্জিন

১০৪. **বিদ্যুৎ কখন আবিষ্কৃত হয়?** (অনুধাবন)
● আঠারো শতকে খ উনিশ শতকে
গ বিশ শতকে ঘ একুশ শতকে

১০৫. **শিল্পভিত্তিক সমাজে মানুষ ও পশুর স্থান কে দখল করে নেয়?** (জ্ঞান)
ক বিদ্যুৎ ● যন্ত্র গ ইঞ্জিন ঘ কম্পিউটার

১০৬. **সমাজ ও সভ্যতার বিকাশকে গতিশীল করেছে কোনটি?** [চুয়াডাঙ্গা বালিকা উচ্চ বিদ্যালয়, খুলনা জিলা স্কুল]
ক আগুনের আবিষ্কার ● কৃষিকাজ
গ হাতিয়ার আবিষ্কার ঘ শিল্পবিপ্ৰব

১০৭. **বাষ্পীয় ইঞ্জিনের ধারণাকে কাজে লাগিয়ে বিজ্ঞানীদের প্রথম আবিষ্কার কোনটি?** (জ্ঞান)
ক যান্ত্রিক তাঁত খ বাষ্পচালিত জাহাজ
গ রেলের ইঞ্জিন ● স্পিনিং মেশিন

১০৮. **প্রথম বিদ্যুৎ উৎপাদন শুরব হয় কোনটি দিয়ে?** (অনুধাবন)
ক বাষ্পীয় ইঞ্জিন চালিয়ে খ যান্ত্রিক তাঁত ঘুরিয়ে
● স্টিম টারবাইন ঘুরিয়ে ঘ সুতা কাটার মাকু চালিয়ে

১০৯. **শিল্পবিপরব পরবর্তী কালের উল্লেখযোগ্য আবিষ্কার কোনটি?** [বগুড়া ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ]
● কম্পিউটার খ তাঁত যন্ত্র গ বাষ্পীয় টারবাইন ঘ টেলিগ্রাফ

১১০. **বিশ শতকে শুরু হয় কোনটি?** (জ্ঞান)
● বিমান যোগাযোগ খ নৌ যোগাযোগ
গ ডাক যোগাযোগ ঘ সড়ক যোগাযোগ

১১১. **কীসের ফলশ্রবতিতে বিশ্বব্যাপী শিল্পবিপরবের প্রভাব পড়তে থাকে?** (অনুধাবন)
ক যান্ত্রিক তাঁত ● রেল যোগাযোগ
গ বিদ্যুতের ব্যবহার ঘ কম্পিউটারের ব্যবহার

১১২. **কৃষিকে সভ্যতার সোপান বলা হয় কেন?** (উচ্চতা দৰতা)
ক নানা শ্রেণি ও পেশার ভিত্তি রচিত হয় বলে
● অর্থনৈতিক ও সামাজিক ভিত্তি রচিত হয় বলে
গ নগরের ভিত্তি রচিত হয় বলে
ঘ খাদ্য প্রাপ্তির নিশ্চয়তা রচিত হয় বলে

১১৩. **কৃষিতে হালের বলদ ব্যবহার শুরব হলে সমাজে এর কী প্রভাব পড়ে?** (উচ্চতর দৰতা)
ক জ্ঞানভিত্তিক সমাজব্যবস্থা গড়ে ওঠে
খ কৃষিতে যন্ত্রের ব্যবহার শুরব হয়
● খাদ্যের উৎপাদন অনেক গুণ বেড়ে যায়
ঘ অর্থনৈতিক ব্যবস্থার আমূল পরিবর্তন হয়

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১১৪. **বাষ্পীয় ইঞ্জিনের ধারণা কাজে লাগিয়ে বিজ্ঞানীরা আবিষ্কার করেন–** (অনুধাবন)
i. স্পিনিং মেশিন ii. যান্ত্রিক তাঁত
iii. বাষ্পচালিত জাহাজ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

১১৫. **শিল্পবিপ্লব পরবর্তী সমাজের আবিষ্কার –** (অনুধাবন)
i. স্বয়ংক্রিয় যন্ত্র ii. কম্পিউটার iii. টেলিগ্রাফ
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১১৬. **শিল্পবিপরব পরবর্তী সমাজ মানুষের জীবনকে সহজ করে চলেছে–** (উচ্চতর দৰতা)
i. যোগাযোগ ব্যবস্থার উন্নতিতে ii. নতুন নতুন যন্ত্রপাতি আবিষ্কারে
iii. কৃষকের জমি চাষে
**নিচের কোনটি সঠিক?**
ক i খ ii ● i ও ii ঘ i ও iii

১১৭. **বিশ শতকে যেসব জিনিসের ব্যবহার শুরু হয় তা হলো–** [মাতৃপাঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর]
i. বাষ্পীয় ইঞ্জিন দিয়ে বিদ্যুৎ ii. টেলিফোন
iii. মোটরগাড়ি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii ● ii ও iii ঘ i, ii ও iii

১১৮. **শিল্পবিপরব পরবর্তী সময়ে সারা পৃথিবীর মানুষ একে অন্যের জীবনধারার সঙ্গে পরিচিত হয়–** (প্রয়োগ)
i. টেলিভিশনের মাধ্যমে ii. টেলিগ্রাফের মাধ্যমে
iii. সিনেমার মাধ্যমে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১১৯ ও ১২০ নং প্রশ্নের উত্তর দাও :**
অনু তার বাবার কাছ থেকে শুনেছে, এ অঞ্চলের মানুষ আগে লাঠির মতো হাতলের সঙ্গে পাথরের ফলক বাঁধা একরকম কোদাল দিয়ে মাটি আলগা করে জমি চাষ করত। ধীরে ধীরে এখানে হালের বলদের ব্যবহারও শুরব হয়। এর ফলে খাদ্যের উৎপাদন বাড়ে।

১১৯. **অনুচ্ছেদে কোন যুগের ধারণা পাওয়া যায়?** (প্রয়োগ)
ক উদ্যান কৃষিভিত্তিক সমাজের খ শিকার ও খাদ্য সংগ্রহভিত্তিক সমাজের
● কৃষিভিত্তিক সমাজের ঘ শিল্পভিত্তিক সমাজের

১২০. **উক্ত যুগে–** (উচ্চতর দৰতা)
i. মানুষ স্থায়ীভাবে এক স্থানে বসবাস শুরব করে
ii. মানুষের খাদ্যের সংস্থান আরও নিশ্চিত হয়
iii. পশুপালনের প্রয়োজনীয়তা আরও বেড়ে যায়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**নিচের ছকটি দেখে ১২১ ও ১২২ নং প্রশ্নের উত্তর দাও :**

বাষ্পচালিত ইঞ্জিন → স্পিনিং মেশিন → রেলের ইঞ্জিন → স্টিম টারবাইন

**১২১. উলিরখিত ছক কোন সমাজের ইঙ্গিত বহন করছে?** (প্রয়োগ)
ক কৃষিভিত্তিক সমাজের  খ শিল্পবিপরব পরবর্তী সমাজের
গ খাদ্য সংগ্রহভিত্তিক সমাজের  ● শিল্পভিত্তিক সমাজের

**১২২. উক্ত সময় কোনটিকে কাজে লাগিয়ে বিজ্ঞানীরা একাধিক যন্ত্রপাতি আবিষ্কার করতে সমর্থ হন?** (প্রয়োগ)
ক স্পিনিং মেশিন  ● বাষ্পচালিত ইঞ্জিন
গ রেলের ইঞ্জিন  ঘ স্টিম টারবাইন

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১২৩, ১২৪ ও ১২৫ নং প্রশ্নের উত্তর দাও :**
উৎপাদন ব্যবস্থা থেকে শুরু করে যোগাযোগ ব্যবস্থায় আধুনিক যন্ত্রপাতির ব্যবহার, বৈজ্ঞানিক পদ্ধতির প্রয়োগ একটি নতুন সমাজব্যবস্থার সৃষ্টি করে।
[মতিঝিল মডেল স্কুল এন্ড কলেজ, ঢাকা]

**১২৩. অনুচ্ছেদে কোন বিপ্লবের ইঙ্গিত পাওয়া যায়?**
ক নবপলীয়  ● শিল্প  গ ফরাসি  ঘ কৃষি

**১২৪. এই বিপ্লবের ফলাফল হলো–**
i. বাষ্পচালিত ইঞ্জিন চালু  ii. মোটর গাড়ির আবিষ্কার
iii. কয়লা ও লৌহ শিল্পের অগ্রগতি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ● i, ii ও iii

**১২৫. অনুচ্ছেদে কোন নতুন সমাজব্যবস্থার কথা বলা হয়েছে?**
● শিল্পভিত্তিক সমাজ  খ কৃষিভিত্তিক সমাজ
গ পশুপালন ভিত্তিক সমাজ  ঘ যান্ত্রিক সমাজ

## পাঠ-৭ : বাংলাদেশের সমাজের প্রকৃতি ➠ বোর্ড বই, পৃষ্ঠা-৪৫

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১২৬. বাংলাদেশের বর্তমান সমাজ কোন ধরনের সমাজ?** (অনুধাবন)
ক প্রাচীন  খ মধ্যযুগীয়  ● আধুনিক  ঘ অতি আধুনিক

**১২৭. লালমাই পাহাড় কোথায় অবস্থিত?** (জ্ঞান)
● কুমিলরা  খ নওগা  গ চট্টগ্রাম  ঘ নরসিংদী

**১২৮. উয়ারী–বটেশ্বর কোথায় অবস্থিত?** (জ্ঞান)
ক চট্টগ্রাম  ● নরসিংদী  গ কুমিলরা  ঘ সিলেট

**১২৯. অনিক বাংলাদেশে বসবাস করে। এখানে কৃষির সূচনা করেছিল কারা?** (জ্ঞান)
● আদি নারীরা  খ যুবকরা  গ শিৰিত জনগোষ্ঠীর  ঘ আদি পুরম্নষরা

**১৩০. বাংলাদেশ বর্তমানে কোন সমাজে প্রবেশ করেছে?** (জ্ঞান)
ক কৃষিভিত্তিক সমাজ  খ পশুপালন সমাজ
● শিল্পভিত্তিক সমাজ  ঘ উদ্যান কৃষিভিত্তিক সমাজ

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১৩১. বাঙালির প্রাচীন বসতির নিদর্শন পাওয়া গেছে–** (অনুধাবন)
i. কুমিলরার লালমাই  ii. উয়ারী–বটেশ্বরে
iii. চট্টগ্রাম ও সিলেটে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ● i, ii ও iii

**১৩২. কৃষিপ্রধান সমাজে কৃষিকে কেন্দ্র করে উদ্ভব ঘটে–** (অনুধাবন)
i. নানা লোকাচার  ii. বিশ্বাস  iii. মূল্যবোধ ও উৎসব
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ● i, ii ও iii

**১৩৩. বাংলাদেশের অর্থনীতিতে এখনও বড় ভূমিকা রাখছে–** (প্রয়োগ)
i. উদ্যান কৃষি  ii. মাছ চাষ  iii. পশুপালন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  ● i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৩৪ ও ১৩৫ নং প্রশ্নের উত্তর দাও :**
রববাইয়েত সাহেব কম্পিউটার ইঞ্জিনিয়ার। এবারের তথ্য–প্রযুক্তি মেলায় তার নিজের তৈরি বেশ কিছু সফটওয়ার ব্যাপক আলোচিত হয়েছে।

**১৩৪. অনুচ্ছেদে কোন যুগের পরিচয় পাওয়া যায়?** (প্রয়োগ)
ক প্রাচীন যুগ  খ মধ্যযুগ  গ ঐতিহাসিক যুগ  ● আধুনিক যুগ

**১৩৫. উক্ত যুগের মানুষ ব্যবহার করে–** (উচ্চতর দৰতা)
i. ইন্টারনেট  ii. সফটওয়্যার
iii. নেটওয়ার্কিং প্রযুক্তি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ● i, ii ও iii

# সৃজনশীল প্রশ্ন ও উত্তর

## ■ মাস্টার ট্রেইনার প্রণীত সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন– ১** ▸▸ সমাজের ধারণা

রাজাপুর গ্রামের ছেলেদের একটি দল মিলে ঠিক করল ১লা বৈশাখ উদ্‌যাপন করবে। এ উপলৰে হা–ডু–ডু, ফুটবল খেলা এবং গ্রামীণ মেলার আয়োজন করা হলো। ফুটবল খেলার সময় বল নিয়ন্ত্রণে নিতে গিয়ে জাহিদ মাথায় প্রচন্ড আঘাত পায়। গ্রামের লোকজন তাকে হাসপাতালে নিয়ে যায়। গ্রামবাসীর সাহায্য–সহযোগিতায় দরিদ্র পরিবারের সন্তান জাহিদ অল্পদিনেই সুস্থ হয়ে ওঠে। গ্রামের সকলের প্রতি জাহিদের পরিবার কৃতজ্ঞতা প্রকাশ করে।

ক. সমাজ গঠনের প্রথম ধাপ কী? ১
খ. মানুষ কীভাবে সামাজিক সম্পর্ক গড়ে তোলে? ২
গ. জাহিদের সুস্থ হওয়ার ৰেত্রে কোন বিষয়টি ভূমিকা রেখেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. রাজাপুর গ্রামটিকে সমাজ বলা যায় কি? তোমার মতের পৰে যুক্তি উপস্থাপন কর। ৪

### ১ নং প্রশ্নের উত্তর

**ক** সমাজ গঠনের প্রথম ধাপ হচ্ছে পরিবার।

**খ** একে অন্যকে সাহায্য–সহযোগিতা, সহানুভূতি ও পারস্পরিক নির্ভরশীলতার মতো বিভিন্ন সম্পর্ক করে মানুষ সামাজিক সম্পর্ক গড়ে তোলে। আহার, বাসস্থান ও নিরাপত্তার জন্যই মানুষ দলবদ্ধভাবে বাস করে। ফলে মানুষে মানুষে বন্ধুত্ব ও আত্মীয়তার সম্পর্ক সৃষ্টি হয়। আর এভাবে গড়ে ওঠে সামাজিক সম্পর্ক।

**গ** জাহিদের সুস্থ হওয়ার ৰেত্রে সামাজিক বন্ধন ভূমিকা রেখেছে। মানুষ এক বাস করতে পারে না। সংঘবদ্ধভাবে মানুষ গড়ে তোলে সমাজ। বেঁচে থাকার উদ্দেশ্যে পরস্পরের সহযোগিতায় মানুষ সমাজবদ্ধ হয়ে বসবাস করে। একত্রে বসবাস করার ফলে মানুষে মানুষে বন্ধুত্ব ও আত্মীয়তার সম্পর্ক সৃষ্টি হয়। উদ্দীপকের গ্রামবাসী সাহায্য–সহযোগিতার হাত বাড়িয়ে দেয়ায় জাহিদ অল্পদিনেই সুস্থ হয়ে ওঠে। জাহিদের বিপদে গ্রামের লোকদের এরকম সমবেতভাবে এগিয়ে আসা প্রমাণ করে সামাজিকভাবে মানুষ একটি বন্ধনে আবদ্ধ। সমাজে প্রত্যেকেই পরস্পরের সাহায্য সহযোগিতা নিয়ে সংঘবদ্ধভাবে একত্রে বসবাস করে। সুতরাং বলা যায়, উদ্দীপকের জাহিদের সুস্থ হওয়ার ৰেত্রে সামাজিক বন্ধন ভূমিকা রেখেছে।

**ঘ** রাজাপুর গ্রামটিকে সমাজ বলা যায়। সাধারণভাবে সমাজের দুটি বৈশিষ্ট্য বিদ্যমান। এর প্রথমটি হলো মানুষ বাস করে সংঘবদ্ধভাবে। আর দ্বিতীয় বৈশিষ্ট্য হচ্ছে, মানুষের এই সংঘবদ্ধতার পেছনে বিশেষ উদ্দেশ্য ও স্বার্থ বা প্রয়োজন থাকে। সমাজ বলতে আমরা মানুষের পারস্পরিক সম্পর্কের স্থানকে বুঝি যেখানে মানুষ বিশেষ প্রয়োজন বা উদ্দেশ্যে সমবেতভাবে বাস করে। উদ্দীপকের রাজাপুর গ্রামেও উপরোক্ত এই পারস্পরিক সম্পর্ক বিদ্যমান। এ সম্পর্কের কারণেই জাহিদের বিপদে তারা সাহায্যের হাত বাড়িয়ে দেয়। ফলশ্রবতিতে সবার সঙ্গে সবার ভাবের আদান–প্রদান হয় এবং একটি মানসিক সম্পর্ক গড়ে ওঠে। আর এভাবে মানুষ সমাজবদ্ধ হয়ে ওঠে। সুতরাং বলা যায় যে, সমাজ গঠনের এ বৈশিষ্ট্যগুলো রাজাপুর গ্রামে আছে বিধায় রাজাপুর গ্রাম একটি সমাজ।

**প্রশ্ন– ২** ▸▸ সমাজজীবনে প্রাকৃতিক ও ভৌগোলিক পরিবেশের প্রভাব

শম্পা তার পরিবারের সঙ্গে পাহাড়ি দুর্গম এলাকায় বসবাস করে। কাছাকাছি বাড়িঘর না থাকায় তার তেমন কোনো খেলার সঙ্গীও নেই। কুমিল্লায় প্রথমবারের মতো ফুফুর বাড়িতে বেড়াতে এসে সে রীতিমতো অবাক হয়ে যায়। আশেপাশে অনেক বাড়িঘর। লোকগুলো যেখানে ইচ্ছা সেখানে খুব সহজেই গমন করছে। যা তাদের জন্য কল্পনাতীত বিষয়।

ক. সমাজের কয়টি বৈশিষ্ট্য বিদ্যমান আছে? ১
খ. মানবজীবনে পরিবেশের প্রভাব কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত দুই অঞ্চলের লোকদের জীবনধারার মধ্যে কী পার্থক্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে মানবসমাজে ভৌগোলিক পরিবেশের প্রভাব বিশ্লেষণ কর। ৪

## ২ নং প্রশ্নের উত্তর

**ক** সমাজের দুইটি বৈশিষ্ট্য বিদ্যমান আছে।

**খ** মানুষের জীবন প্রাকৃতিক ও ভৌগোলিক পরিবেশ দ্বারা প্রভাবিত। জীবনধারণের জন্য মানুষ যেমন পরিবেশের উপর প্রভাব বিস্তার করে, আবার অনেকৰেত্রে পরিবেশই তাকে নিয়ন্ত্রণ করে। এজন্য মানব সমাজের প্রকৃতি, আচার–আচরণ ও সংস্কৃতির উপর পরিবেশের প্রভাব স্পষ্ট।

**গ** উদ্দীপকে উল্লিখিত দুই অঞ্চলের লোকদের জীবন ধারায় প্রাকৃতিক ও ভৌগোলিক পরিবেশের যথেষ্ট মধ্যে পার্থক্য আছে। আমরা জানি, মানুষের জীবন প্রাকৃতিক ও ভৌগোলিক পরিবেশ দ্বারা প্রভাবিত। মানুষ কখনও পরিবেশের ওপর প্রভাব বিস্তার করতে পারলেও অধিকাংশ ৰেত্রে পরিবেশই তাকে নিয়ন্ত্রণ করে। এজন্যই মানব সমাজের রূ পরীতি আচার–আচরণ ও সংস্কৃতির ওপর পরিবেশের প্রভাব স্পষ্ট। উদ্দীপকেও দেখা যায় যে, উভয় অঞ্চলের ভূপ্রকৃতি, জলবায়ু, উদ্ভিদ–প্রাণী, যাতায়াত ব্যবস্থা, সংস্কৃতির ভিন্নতা আছে। মানুষের খাদ্যাভ্যাস, আচার–ব্যবহার, নিয়মকানুন, পোশাক পরিচ্ছদ, সামাজিক রীতিনীতি, বিশ্বাস ইত্যাদি উভয় অঞ্চলের নিজ নিজ পরিবেশ উপযোগী হয়ে গড়ে উঠেছে। পাহাড়ি এলাকা দুর্গম। এক পাহাড় থেকে অন্য পাহাড়ে যাতায়াত কষ্টসাধ্য। এজন্য পাহাড়ি এলাকায় জনবসতি কম। অন্যদিকে কুমিলরা সমভূমি অঞ্চল। এক স্থান থেকে অন্যস্থানে সহজে যাতায়াত করা যায়। কাজের সুযোগ পাহাড়ি এলাকা থেকে সমভূমি অঞ্চলে বেশি এবং পণ্য পরিবহন সহজে করা যায়। সমভূমি অঞ্চলে ব্যবসায়–বাণিজ্যের যোগাযোগ দ্রুত করা যায়। সুতরাং বলা যায় যে, দুই অঞ্চলের লোকদের মধ্যে জীবনধারণের মধ্যে পার্থক্য লৰ করা যায়।

**ঘ** মানব সমাজের উপর ভৌগোলিক পরিবেশের প্রভাব গুরুত্বপূর্ণ। মানব সমাজ ও ভৌগোলিক পরিবেশের সম্পর্ক অত্যন্ত নিবিড়। ভৌগোলিক পরিবেশ ভূপ্রকৃতি, জলবায়ু, যাতায়াত ব্যবস্থা, খাদ্যাভাস, সংস্কৃতি, আচার–ব্যবহার, পোশাক–পরিচ্ছদ, সামাজিক রীতিনীতি, বিশ্বাস প্রভৃতির ওপর প্রভাব বিস্তার করে। কোনো অঞ্চলের মাটি উর্বর হলে উৎপাদন সহজ হয়। যেসব এলাকায় যোগাযোগ ব্যবস্থা উন্নত, সেখানে সহজেই শিল্পায়ন ঘটে। কুটির শিল্প, ঘরবাড়ির বৈশিষ্ট্যের ওপরও ভৌগোলিক পরিবেশের প্রভাব রয়েছে। গাছপালা, পাহাড় পর্বত পরিবেশের ভারসাম্য রৰা করে। উদ্দীপকে দেখা যায়, শম্পার পাহাড়ি এলাকার পরিবেশ এবং কুমিলরার ফুফুর বাড়ির ভৌগোলিক পরিবেশের মধ্যে পার্থক্য বিদ্যমান। ভিন্ন ভিন্ন এলাকা হওয়ায় সেখানকার বাড়িঘর, যোগাযোগ ব্যবস্থা প্রভৃতিতে ভিন্নতা লৰ করা যায়। সুতরাং বলা যায় যে, মানব সমাজের ওপর ভৌগোলিক পরিবেশের প্রভাব অপরিসীম।

**প্রশ্ন– ৩** ▸▸ উদ্যানভিত্তিক ও পশুপালন সমাজ

সিমি টিভিতে ন্যাশনাল জিওগ্রাফি চ্যানেল খুলতেই দেখল, একদল মানুষ পাথরের হাতিয়ার দিয়ে মটি খুঁড়ে বীজ বপন করছে। আরেক দল লোক তৃণভূমিতে বিশাল পশুর পাল নিয়ে হেঁটে যাচ্ছে।

ক. আজকের সমাজ কীসের ফল? ১
খ. গৃহপালিত পশু মানুষের সম্পদে পরিণত হয় কীভাবে? ২
গ. সিমির দেখা মানুষগুলো কোন সমাজের মানুষকে ইঙ্গিত করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত প্রথম সমাজে কৃষিকাজের উন্নতিতে কতটা ভূমিকা রেখেছে–মূল্যায়ন কর। ৪

## ৩ নং প্রশ্নের উত্তর

**ক** আজকের সমাজ দীর্ঘকালের বিকাশধারার ফল।

**খ** পশুপালন সমাজের মানুষ ক্রমে বুঝতে পারে গরব, ছাগল ভেড়াকে না মেরে এগুলোকে বাঁচিয়ে রাখলে বেশি লাভজনক হবে। যেমন : প্রতিদিন দুধ ও বছর বছর বাচ্চা পাওয়া যাবে, চামড়া ও পশমকে বিভিন্ন কাজে ব্যবহার করা যাবে। এভাবে সমাজে গৃহপালিত পশুর সংখ্যা বেড়ে তা মানুষের সম্পদে পরিণত হয়।

**গ** উদ্দীপকে সিমির দেখা মানুষগুলো উদ্যান কৃষিভিত্তিক সমাজ ও পশুপালনকারী সমাজের ইঙ্গিত বহন করছে। উদ্যান কৃষি ও পশুপালনকারী সমাজেই প্রথম খাদ্য উৎপাদন শুরু হয়। এ সময় সমাজের মেয়েরা ফলমূল সংগ্রহ করত আর পুরুষরা শিকার করত। আদিম মেয়েরা লক্ষ করে তাদের থাকার জায়গার পাশে শস্যদানা পড়ে চারাগাছ গজিয়ে উঠেছে। এ থেকে তাদের মনে বীজ ছিটিয়ে শস্য পাওয়ার ধারণা জন্মে। তারা পাথরের হাতিয়ার দিয়ে গর্ত করে বীজ বুনে চাষাবাদ শুরু করে। আবার পশুপালনকারী সমাজের মানুষদের হাতে বুনো ষাঁড়, গরু, ছাগল, ভেড়া, ঘোড়া, গাধা প্রভৃতি পশু ধরা পড়ত। সেগুলোকে তারা বেঁধে রাখত। শিকার না মিললে তারা এগুলোকে বধ করে আহার করত। মানুষ ক্রমে বুঝতে পারল এগুলোকে বাঁচিয়ে রাখলে বেশি লাভজনক হবে। উদ্দীপকের সিমি এ বিষয়টিই টিভিতে ন্যাশনাল জিওগ্রাফি চ্যানেলে দেখেছিল। সুতরাং বলা যায় যে, উদ্দীপকের সিমির টিভিতে দেখা মানুষগুলো আদিকালের উদ্যান কৃষিভিত্তিক সমাজ এবং পশুপালনকারী সমাজের মানুষের প্রতি ইঙ্গিত করে।

**ঘ** উদ্দীপকে উলিরখিত প্রথম সমাজ হলো উদ্যান কৃষিভিত্তিক সমাজ। কৃষির উন্নতিতে এ সমাজ যথেষ্ট ভূমিকা পালন করেছে। উদ্যান কৃষি ও পশুপালনকারী সমাজই প্রথম খাদ্য উৎপাদন শুরব করে। পাথরের হাতিয়ার দিয়ে মাটি খুঁড়ে মানুষ বীজ বুনে শুরব করে চাষাবাদ। সমাজবিজ্ঞানীরা বলেন, মেয়েরাই কৃষিকাজ উদ্ভাবন করেছে। খাবার সংগ্রহ করতে গিয়ে তারা বিভিন্ন রকম ফলমূল নিয়ে আসত। তাদের থাকার জায়গার পাশে এসব ফলমূলের বীজ পড়ে চারাগাছ বেড়ে উঠত। তাছাড়াও মেয়েরা জমিতে পাথরের হাতিয়ার দিয়ে গর্ত করে বীজ বুনত। উদ্দীপকে উলিরখিত সিমির টেলিভিশনে দেখা প্রথম সমাজের মানুষও পাথরের হাতিয়ার দিয়ে মাটি খুঁড়ে বীজ বপন করছে। যা উদ্যান কৃষিভিত্তিক সমাজের বৈশিষ্ট্য বহন করে। সুতরাং বলা যায়, খাদ্য উৎপাদনের ধারনা সর্বপ্রথম শুরব হয় উদ্যান কৃষিভিত্তিক সমাজে। তাই, কৃষির উন্নতিতে উদ্যান কৃষিভিত্তিক সমাজের অবদান যথেষ্ট।

**প্রশ্ন– ৪** ▸▸ উদ্যান কৃষিভিত্তিক ও পশুপালন সমাজ

জহির সাহেব শিকার পছন্দ করেন। তিনি একদিন বনে শিকার করতে গিয়ে একটি বন্য ছাগলকে শিকার করে তার বাড়িতে নিয়ে আসেন এবং লালনপালন করতে থাকেন।

ক. সমাজের পরিবর্তনকে কয়ভাগে ভাগ করা যায়? ১
খ. বিশ্বায়ন কাকে বলে? ২
গ. জহির সাহেবের বন্য ছাগল শিকার করে বাড়িতে নিয়ে আসা কোন সমাজের নিদর্শন–ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত সমাজের কৃষিকাজের উন্নতিতে মেয়েরা কতটা ভূমিকা রেখেছে– মতামত দাও। ৪

## ৫ নং প্রশ্নের উত্তর

**ক** সমাজের পরিবর্তনকে ছয়টি ভাগে ভাগ করা যায়।

**খ** বর্তমানে স্বয়ংক্রিয় যন্ত্র, কম্পিউটার ও মোবাইল ফোন এবং যোগাযোগের নানা মাধ্যম যেমন ফেসবুক পৃথিবীর মানুষকে অনেক কাছাকাছি নিয়ে এসেছে। বলা হচ্ছে সমস্ত পৃথিবী একটি গ্রামে পরিণত হয়েছে। এই প্রক্রিয়াকে বলা হচ্ছে বিশ্বায়ন।

**গ** জহির সাহেবের বন্য ছাগল শিকার করে বাড়িতে নিয়ে আসার বিষয়টি পশুপালনকারী সমাজের নিদর্শন বহন করে। উদ্যান কৃষিভিত্তিক সমাজ বিকশিত হয়ে পশুপালনকারী সমাজে পরিণত হয়। এ সমাজের মানুষরা পাশাপাশি পশুপালন করেও জীবিকা নির্বাহ করত। অনেক সময় বুনো ষাঁড়, ভেড়া, ছাগল, ঘোড়া, গাধা প্রভৃতি পশু মানুষের হাতে ধরা পড়ত। সেগুলোকে তারা ধরে এনে বেঁধে রাখত। এগুলো ছিল তাদের জীবন্ত খাদ্যভান্ডার। উদ্দীপকে দেখা যায়, জহির সাহেব একদিন শিকার করতে গিয়ে একটি বন্য ছাগলকে তার বাড়িতে শিকার করে নিয়ে আসেন এবং লালনপালন করতে থাকেন। যা পশুপালনকারী সমাজেরই ইঙ্গিত বহন করে। সুতরাং, বলা যায় যে, জহির সাহেবের ছাগল শিকার করে বাড়িতে নিয়ে আসার বিষয়টি পশুপালনভিত্তিক সমাজের নিদর্শন বহন করে।

**ঘ** উক্ত সমাজ তথা পশুপালনকারী সমাজে কৃষিকাজের উন্নতিতে মেয়েরা যথেষ্ট ভূমিকা রেখেছে। সমাজবিজ্ঞানীরা বলেন, মেয়েরাই কৃষি কাজের উদ্ভাবন করেছে। আদিম সমাজে পুরবষেরা যেত শিকারের সন্ধানে, ফলমূল আহরণের ভার ছিল মেয়েদের ওপর। ফলমূল সংগ্রহ করতে গিয়ে কখনো তারা নিয়ে আসত বুনো গম ও বার্লি, মেটে আলু, কচুর মূল ও কন্দ। আস্তানার আশেপাশে গম ও বার্লির যেসব দানা পড়ত তা থেকে গজিয়ে উঠত চারা গাছ। চারা গাছে পরে দেখা দিত শিষ ও দানা। এ ধরনের ঘটনা থেকে বীজ ছিটিয়ে খাওয়ার উপযোগী শস্য পাওয়ার ধারণা সৃষ্টি হয়। কৃষিকাজের এ পর্যায়কে বলা হয় উদ্যান চাষ। এৰেত্রে প্রথমে মেয়েরা তাদের বসবাসের আশেপাশে পতিত জমিতে একটি লম্বা লাঠি বা পশুর শিং দিয়ে মাটি চিরে গর্তে বীজ ফেলে সে বীজ থেকে ফসল ও ফলমূল উৎপাদন করত। ফসল পাকলে পশুর চোয়ালের হাড় দিয়ে ফসল, কাটত। সুতরাং বলা যায়, কৃষিকাজের উন্নতিতে পশুপালনকারী সমাজের মেয়েরাই অগ্রণী ভূমিকা রয়েছে।

**প্রশ্ন– ৫** শিল্পভিত্তিক সমাজ

অনিকের স্কুলে তিন দিনব্যাপী বিজ্ঞান মেলা শুরব হয়েছে। উক্ত মেলায় সুতা কাটার মাকু, যান্ত্রিক তাঁত এবং বিদ্যুৎ উৎপাদনের ছোট ছোট অনেক প্রজেক্ট স্থান পেয়েছে। সে এগুলো দেখে অভিভূত হয়ে গেল।

[চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ]

ক. সমাজ গঠনের প্রথম ধাপ কোনটি? ১
খ. কীভাবে আধুনিক সমাজ গঠিত হয়েছে? ২
গ. অনিকের স্কুলের বিজ্ঞান মেলায় স্থান পাওয়া প্রজেক্টগুলো কোন সমাজকে নির্দেশ করছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত সমাজ সভ্যতার অগ্রগতিতে কি ভূমিকা রেখেছিল বলে তুমি মনে কর? ৪

## ৫ নং প্রশ্নের উত্তর

**ক** সমাজ গঠনের প্রথম ধাপ হচ্ছে পরিবার।

**খ** সমাজ পরিবর্তনশীল। বিজ্ঞানের উন্নতির ফলে পুরোনো সমাজ দ্রবত পরিবর্তিত হয়ে আধুনিক সমাজ গঠিত হয়েছে।

**গ** অনিকের স্কুলে বিজ্ঞান মেলায় স্থান পাওয়া প্রজেক্টগুলো শিল্পভিত্তিক সমাজকে নির্দেশ করছে। কেননা আমরা জানি, আঠারো শতকে ইংল্যান্ডে বাষ্পচালিত ইঞ্জিন আবিষ্কৃত হলে উৎপাদন ব্যবস্থায় বিপরবের সূচনা হয়। এই বাষ্পীয় ইঞ্জিনের ধারণা কাজে লাগিয়ে বিজ্ঞানীরা পরপর আবিষ্কার করেন সুতা কাটার মাকু বা স্পিনিং মেশিন, যান্ত্রিক তাঁত, বাষ্পচালিত জাহাজ ও রেলের ইঞ্জিন। এ সময় বিদ্যুৎ আবিষ্কৃত হয়। আর স্টিম টারবাইন নামে বিশেষ ধরনের বাষ্পীয় ইঞ্জিন দিয়ে বিদ্যুৎ উৎপাদন শুরব হয়। উদ্দীপকে অনিকের স্কুলে তিন দিনব্যাপী মেলায় সুতা কাটার মাকু, যান্ত্রিক তাঁত এবং বিদ্যুৎ উৎপাদনের ছোট ছোট অনেক প্রজেক্ট স্থান পেয়েছে। এগুলো শিল্পভিত্তিক সমাজকে নির্দেশ করছে। সুতরাং অনিকের স্কুলে বিজ্ঞান মেলায় স্থান পাওয়া প্রজেক্টগুলো শিল্পভিত্তিক সমাজকে নির্দেশ করছে।

**ঘ** উক্ত সমাজ তথা শিল্পভিত্তিক সমাজ সভ্যতার অগ্রগতিতে গুরবত্বপূর্ণ ভূমিকা রেখেছিল। শিল্পভিত্তিক সমাজে আবিষ্কৃত স্টিম টারবাইন নামে বিশেষ ধরনের বাষ্পীয় ইঞ্জিন দিয়ে বিদ্যুৎ উৎপাদন শুরব হয়। আর বিদ্যুতের ব্যবহার শুরব হয় আঠারো–উনিশ শতকে। বিদ্যুৎ ব্যবহার করে বড় বড় শিল্প কারখানায় উৎপাদন শুরব হয়। বাষ্পচালিত জাহাজ ও রেলের ইঞ্জিন আবিষ্কারের ফলে ব্যবসা বাণিজ্য ও যোগাযোগের বিস্তার ঘটে। কয়লা, গ্যাস, পেট্রোল ব্যবহার করে সভ্যতা নতুন অগ্রগতির দিকে ধাবিত হয়। উনিশ শতকে রেল যোগাযোগ চালু হয়। বিশ শতকে শুরব হয় টেলিফোন, টেলিগ্রাফ, রেডিও, সিনেমা ও মোটরগাড়ির ব্যবহার। এভাবে শিল্পভিত্তিক সমাজ সভ্যতার অগ্রগতিতে তাৎপর্যপূর্ণ ভূমিকা রাখে। উদ্দীপকে বিজ্ঞান মেলায় সুতা কাটার মাকু, যান্ত্রিক তাঁত এবং বিদ্যুৎ উৎপাদনের ছোট ছোট প্রজেক্ট স্থান পেয়েছে। এগুলো শিল্পভিত্তিক সমাজ সভ্যতার অগ্রগতিতে তাৎপর্যপূর্ণ ভূমিকা রেখেছে। এ প্রেৰিতে উক্ত সমাজ তথা শিল্পভিত্তিক সমাজ সভ্যতার অগ্রগতিতে অগ্রণী ভূমিকা রেখেছিল বলে আমি মনে করি।

**প্রশ্ন– ৬** বাংলাদেশের সমাজের প্রকৃতি

প্রফুলর রায় বাংলাদেশের জাতীয় বইমেলা থেকে একটি বই ক্রয় করে আনে। বইটি পড়ে সে জানতে পারে বাঙালির প্রাচীন বসতির নিদর্শন, কৃষিব্যবস্থা, মূল্যবোধ উৎসব, পশুপালন, ব্যবসা ইত্যাদি সম্পর্কে। বইটির শেষ অংশে পাকিস্তানি শাসকদের অবহেলার কারণে বাংলাদেশের অর্থনীতি ও শিল্পব্যবস্থাসহ আরও যে ব্যাপক ৰতি হয়েছিল তা পড়ে সে দুঃখ পায়। তবে বর্তমানে বাংলাদেশ প্রযুক্তিনির্ভর হওয়ায় তার মনে আশার সঞ্চার হয়।

ক. বর্তমানে বাংলাদেশের কোথায় বড় আকারের শিল্প ও ব্যবসা প্রতিষ্ঠান গড়ে উঠেছে? ১
খ. সমাজ পরিবর্তনের স্তরগুলো উল্লেখ কর? ২
গ. উদ্দীপকে কোন বিষয়টির প্রতি ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত বিষয়ের অর্থনীতির প্রকৃতি বিশেৰষণ কর। ৪

## ৬ নং প্রশ্নের উত্তর

**ক** বর্তমানে বাংলাদেশের ঢাকা, চট্টগ্রাম ও খুলনায় বড় আকারের শিল্প ও ব্যবসা প্রতিষ্ঠান গড়ে উঠেছে।

**খ** সমাজ পরিবর্তনের স্তরগুলোকে ছয়টি ভাগে ভাগ করা হয়েছে। স্তরগুলো হলো– ১. শিকার ও খাদ্য সংগ্রহভিত্তিক সমাজ ২. উদ্যান কৃষিভিত্তিক সমাজ ৩. পশুপালনকারী সমাজ ৪. কৃষিভিত্তিক সমাজ ৫. শিল্পভিত্তিক সমাজ এবং ৬. শিল্পবিপরব পরবর্তী সমাজ।

**গ** উদ্দীপকে বাংলাদেশের সমাজের প্রকৃতির প্রতি ইঙ্গিত করা হয়েছে। বাংলাদেশের প্রাচীন বসতির নিদর্শন হলো কুমিলরার লালমাই, নরসিংদীর উয়ারী–বটেশ্বর, চট্টগ্রাম ও সিলেট অঞ্চলে। এসব এলাকায় বাঙালির আদি পুরবষরা বসবাস করত। তারা কৃষির সূচনা করে পাশাপাশি কারিগর, ব্যবসায়ী, শ্রমিক হিসেবেও তারা বিকশিত হয়। কৃষিপ্রধান সমাজে কৃষিকে কেন্দ্র করেই উদ্ভব ঘটে নানা লোকাচার, বিশ্বাস, মূল্যবোধ ও উৎসবের। কৃষিকাজের পাশাপাশি তারা পশুপালনও করত। পরবর্তীতে তাদের সমাজে শিল্পবিপরবের সূচনা হয়। তবে বর্তমানে শিল্পবিপরব– উত্তর যুগে তথ্য প্রযুক্তির চরম উৎকর্ষের সময়ে বাংলাদেশও যোগ দিয়েছে। উদ্দীপকেও আমরা এ বিষয়টি দেখি যে প্রফুলর রায় তার বইয়ে উপরোলিরখিত বিষয়গুলোই পাঠ করে বাংলাদেশের সমাজের প্রকৃতি সম্পর্কে জানতে পেরেছে। সুতরাং উদ্দীপকে বাংলাদেশের সমাজের প্রকৃতির বিষয়টির প্রতি ইঙ্গিত করা হয়েছে।

**ঘ** বাংলাদেশের সমাজের প্রকৃতির অর্থনৈতিক ব্যবস্থা অত্যন্ত সমৃদ্ধশালী। কালের অগ্রযাত্রায় আজ বাংলাদেশের সমাজ পরিবর্তিত হয়ে

আধুনিক সমাজে রূপ পেয়েছে। যার মূল নিয়ামক হলো অর্থনীতি। প্রাচীনকালে কৃষিব্যবস্থা ছিল অর্থনীতির মূল নিয়ামক। তখন কৃষিতে উদ্বৃত্ত ফসল উৎপাদন হতো। এ উদ্বৃত্ত ফসলের উপর নির্ভর করেই বিকশিত হয় আরও কিছু পেশার। যেমন : কারিগর, ব্যবসায়ী, শ্রমিক শ্রেণি। কৃষিকাজের পাশাপাশি তারা তখন পশুশিকারও করত। পূর্বের সেই ঐতিহ্য অনুযায়ী এখনও উদ্যানকৃষি, পশুপালন, প্রভৃতি আমাদের অর্থনীতিতে বড় ভূমিকা রাখছে। যদিও পূর্বপাকিস্তান আমাদের অর্থনীতির অনেক ক্ষতি করেছিল, তবুও স্বাধীনতার পর বাংলাদেশে কৃষি উৎপাদন বহুগুণে বৃদ্ধির পাশাপাশি ব্যাপকভাবে শিল্পের প্রসার ঘটে। উদ্দীপকেও অর্থনীতির এ বিষয়টির প্রতি ইঙ্গিত করে বলা হয়েছে যে, ঢাকা, চট্টগ্রাম ও খুলনার মতো শহরগুলোতে বড় আকারের শিল্প ও ব্যবসা প্রতিষ্ঠান গড়ে উঠেছে। তবে বর্তমানে শিল্পবিপ্লব–উত্তর যুগে তথ্য প্রযুক্তির চরম উৎকর্ষের সময়ে বাংলাদেশও যোগ দিয়েছে ডিজিটাল বিপ্লবে। সুতরাং উপরিউক্ত আলোচনার প্রেক্ষিতে বলা যায় যে, বাংলাদেশের সমাজের প্রকৃতির উন্নয়নে অর্থনৈতিক স্বনির্ভরতা রয়েছে যথেষ্ট।

## ■ অনুশীলনের জন্য সৃজনশীল প্রশ্নব্যাংক (উত্তরসংকেতসহ)

**প্রশ্ন– ৭ ▶▶** সমাজের ধারণা

কাজিমের বাবা শান্তি মিশনে আফ্রিকাতে দায়িত্ব পালন করে সম্প্রতি দেশে ফিরেছেন। তিনি কাজিমকে বললেন, আফ্রিকাতে তুভগা নামে একটি আদিবাসী গোষ্ঠী রয়েছে। এরা প্রকৃতির ওপর নির্ভর করে বেঁচে থাকে। খাদ্যসংগ্রহ ও বনের হিংস্র প্রাণীর হাত থেকে বাঁচার জন্যে এরা দলবদ্ধভাবে বাস করে।

ক. আদিকালে মানুষ কীসের ওপর নির্ভরশীল ছিল? ১
খ. মানুষ সমাজে বাস করে কেন? ২
গ. কাজিমের বাবা যে সমাজব্যবস্থার বর্ণনা দিয়েছেন তার পরিচয় পাঠ্যপুস্তক অনুসারে তুলে ধর। ৩
ঘ. তুভগা জাতিগোষ্ঠীকে কি সমাজ বলা যাবে? তোমার মতামত দাও। ৪

**৭ নং প্রশ্নের উত্তর**

**ক** আদিকালে মানুষ প্রকৃতির ওপর নির্ভরশীল ছিল।

**খ** মানুষ কখনো একা বাস করতে পারে না। তাই তারা দলগতভাবে সমাজে বসবাস করে। মানুষ তার শান্তি, নিরাপত্তা ও মৌলিক চাহিদা পূরণের জন্য সমাজবদ্ধ হয়ে বাস করে। কেননা দৈনন্দিন জীবনযাপন, খাদ্যের সংস্থান, অর্থ উপার্জন, শিক্ষা, চিকিৎসা সবকিছুতেই সমাজের সাহায্য প্রয়োজন।

*X-clusive লিংক : প্রয়োগ (গ) ও উচ্চতর দক্ষতার (ঘ) প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তর জানা থাকতে হবে–*

**গ** সমাজের ধারণা তোমার পাঠ্যপুস্তকের আলোকে তুলে ধর।

**ঘ** 'উক্ত সমাজব্যবস্থাই আধুনিক সমাজব্যবস্থার সূচনা করেছে'– বিশ্লেষণ কর।

**প্রশ্ন– ৮ ▶▶** সমাজজীবনে প্রাকৃতিক ও ভৌগোলিক পরিবেশের প্রভাব

সিমলাদের বাড়ি কুলপাড়া গ্রামে। তাদের গ্রামটি পদ্মা নদীর কাছে। পদ্মা থেকে ছোট একটি ধারা তাদের গ্রামের পাশ দিয়ে বয়ে গেছে। তাই তাদের এলাকার মানুষের প্রধান বাহন নৌকা। নদীপথে তাদের যাতায়াত ও মালপত্র পরিবহন সহজ। সিমলা মনে করে যাতায়াত ব্যবস্থার মতো কুটির শিল্প বিকাশেও ভৌগোলিক উপাদান প্রভাব বিস্তার করে।

ক. সিন্ধু সভ্যতা কোন নদীর তীরে গড়ে উঠেছে? ১
খ. বাংলাদেশের বর্তমান সমাজের প্রকৃতি কীরূপ? ২
গ. সিমলাদের অঞ্চলের মানুষের ওপর ভৌগোলিক উপাদানের প্রভাব কতটুকু প্রতিফলিত হয়েছে? বর্ণনা কর। ৩
ঘ. সিমলার ধারণার যথার্থতা বিশ্লেষণ কর। ৪

**৮ নং প্রশ্নের উত্তর**

**ক** সিন্ধু নদের তীরে সিন্ধু সভ্যতা গড়ে উঠেছে।

**খ** বাংলাদেশে প্রাচীনকাল থেকেই কৃষিপ্রধান সমাজব্যবস্থা বিদ্যমান। তবে কালের পরিক্রমায় বাংলাদেশের সমাজব্যবস্থা পরিবর্তীত হয়ে আধুনিক সমাজে রূপান্তরিত হয়েছে। এদেশটি বর্তমানে শিল্পভিত্তিক সমাজ ও শিল্পবিপ্লব উত্তর সমাজে প্রবেশ করেছে। কৃষির পাশাপাশি এদেশে বর্তমানে ব্যাপকভাবে শিল্পের প্রসার ঘটেছে। তাছাড়া তথ্যপ্রযুক্তির চরম উৎকর্ষের ফলে বাংলাদেশ ডিজিটাল বিপ্লবে যোগ দিয়েছে।

*X-clusive লিংক : প্রয়োগ (গ) ও উচ্চতর দক্ষতার (ঘ) প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তর জানা থাকতে হবে–*

**গ** সমাজজীবনে প্রাকৃতিক ও ভৌগোলিক পরিবেশের প্রভাব ব্যাখ্যা কর।

**ঘ** তুমি কি মনে কর যাতায়াত ব্যবস্থার মতো কুঠিরশিল্প বিকাশের ভৌগোলিক উপাদান প্রভাব বিস্তার করে? মতামত দাও।

# নিশ্চিত কমন উপযোগী জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর

## ■ জ্ঞানমূলক প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ একত্রে বাস করার ফলে মানুষের মধ্যে কী ধরনের সম্পর্ক সৃষ্টি হয়?**
**উত্তর :** একত্রে বাস করার ফলে মানুষের মধ্যে বন্ধুত্ব ও আত্মীয়তার সম্পর্ক সৃষ্টি হয়।

**প্রশ্ন ॥ ২ ॥ আদিকালে মানুষ কীসের ওপর নির্ভরশীল ছিল?**
**উত্তর :** আদিকালে মানুষ প্রকৃতির ওপর নির্ভরশীল ছিল।

**প্রশ্ন ॥ ৩ ॥ আদিকালে মানুষ কোন ধারণা থেকে ধীরে ধীরে সমাজব্যবস্থা গড়ে তোলে?**
**উত্তর :** বেঁচে থাকতে গেলে সংঘবদ্ধ হতে হবে এ ধারণা থেকে ধীরে ধীরে মানুষ সমাজব্যবস্থা গড়ে তোলে।

**প্রশ্ন ॥ ৪ ॥ পারস্পরিক সম্পর্ক বলতে কী বোঝ?**
**উত্তর :** একজনের প্রতি অন্যজনের বিশেষ অনুভূতি, সৌহার্দ্য ও সম্প্রীতিকে বলা হয় পারস্পরিক সম্পর্ক।

**প্রশ্ন ॥ ৫ ॥ বনের পশুকে গৃহপালিত পশুতে রূপান্তরিত করা হয় কোন সমাজে?**
**উত্তর :** বনের পশুকে গৃহপালিত পশুতে রূপান্তরিত করা হয় পশুপালনকারী সমাজে।

**প্রশ্ন ॥ ৬ ॥ আদিম সমাজের মূল ভিত্তি কী ছিল?**
**উত্তর :** আদিম সমাজের মূল ভিত্তি ছিল ঐক্য, বন্ধুত্ব ও সংঘবদ্ধতা।

**প্রশ্ন ॥ ৭ ॥ মানুষের জীবন কীসের দ্বারা প্রভাবিত?**
**উত্তর :** মানুষের জীবন তার প্রাকৃতিক ও ভৌগোলিক পরিবেশ দ্বারা প্রভাবিত।

**প্রশ্ন ॥ ৮ ॥ পৃথিবীর সব প্রাচীন সভ্যতা কোথায় গড়ে উঠেছিল?**
**উত্তর :** পৃথিবীর সব প্রাচীন সভ্যতা নদীর তীরে গড়ে উঠেছিল।

**প্রশ্ন ॥ ৯ ॥ মেসোপটেমীয় সভ্যতা কোথায় গড়ে ওঠে?**
**উত্তর :** টাইগ্রিস ও ইউফ্রেটিস নদীর মধ্যবর্তী অঞ্চলে মেসোপটেমীয় সভ্যতা গড়ে ওঠে।

**প্রশ্ন ॥ ১০ ॥ নারায়ণগঞ্জে অনেক শিল্প প্রতিষ্ঠান গড়ে ওঠে কেন?**
**উত্তর :** নৌ–যোগাযোগ ভালো বলে নারায়ণগঞ্জে অনেক শিল্পপ্রতিষ্ঠান গড়ে ওঠে।

**প্রশ্ন ॥ ১১ ॥ ভূমিকম্পপ্রবণ অঞ্চলে ঘরবাড়ি তৈরিতে কিসের ব্যবহার লক্ষ করা যায়?**
**উত্তর :** ভূমিকম্পপ্রবণ অঞ্চলে ঘরবাড়ি তৈরিতে কাঠের ব্যবহার লক্ষ করা যায়।

**প্রশ্ন ॥ ১২ ॥ প্রকৃতির কী কী উপাদানের বিঘ্ন ঘটলে মানুষের পক্ষে বেঁচে থাকা কঠিন?**
**উত্তর :** প্রকৃতির মূল উপাদানগুলোর মধ্যে পানি, বায়ু ও তাপের বিঘ্ন ঘটলে মানুষের পক্ষে বেঁচে থাকা কঠিন।

**প্রশ্ন ॥ ১৩ ॥ পরিবেশ দূষণের কারণে কী কী রোগের প্রকোপ বাড়ছে?**
**উত্তর :** পরিবেশ দূষণের কারণে শ্বাসকষ্ট, হৃদরোগ, ক্যানসার, চর্মরোগ, ইত্যাদি রোগের প্রকোপ বাড়ছে।

**প্রশ্ন ॥ ১৪ ॥ বায়ুমণ্ডলের তাপমাত্রা বেড়ে যাওয়ায় আমরা কী কী দুর্যোগের সম্মুখীন হচ্ছি?**
**উত্তর :** বায়ুমণ্ডলের তাপমাত্রা বেড়ে যাওয়ায় আমরা বৃষ্টি, খরা, ঝড়, বন্যা, সুনামি ইত্যাদি দুর্যোগের সম্মুখীন হচ্ছি।

## ■ অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ সমাজের বৈশিষ্ট্যগুলো লেখ।**
**উত্তর :** সাধারণভাবে সমাজের দুটি বৈশিষ্ট্য বিদ্যমান। প্রথমটি হচ্ছে, মানুষ বাস করে সংঘবদ্ধভাবে। আর দ্বিতীয় বৈশিষ্ট্য হচ্ছে, মানুষের এই সংঘবদ্ধতার পেছনে বিশেষ উদ্দেশ্য ও স্বার্থ বা প্রয়োজন থাকে।

**প্রশ্ন ॥ ২ ॥ সমাজ ছাড়া মানুষ কেন চলতে পারে না?**
**উত্তর :** জীবনধারণের জন্য মানুষের যে মৌলিক প্রয়োজন রয়েছে তা মানুষ একা মেটাতে পারে না। সমাজের একজন মানুষ অন্যজনের এসব প্রয়োজন মেটাতে এগিয়ে আসে। তাই মানুষ একত্রে মিলেমিশে সমাজ গঠন করে এবং সমাজ ছাড়া মানুষ চলতে পারে না।

**প্রশ্ন ॥ ৩ ॥ মানুষ সমাজে বাস করে কেন?**
**উত্তর :** মানুষ কখনো একা বাস করতে পারে না। তাই তারা দলগতভাবে সমাজে বসবাস করে। মানুষ তার শান্তি, নিরাপত্তা ও মৌলিক চাহিদা পূরণের জন্য সমাজবদ্ধ হয়ে বাস করে। কেননা দৈনন্দিন জীবনযাপন, খাদ্যের সংস্থান, অর্থ উপার্জন, শিৰা, চিকিৎসা সবকিছুতেই সমাজের সাহায্য প্রয়োজন।

**প্রশ্ন ॥ ৪ ॥ মানুষের বিকাশে সমাজের ভূমিকা কী?**
**উত্তর :** সহজাত প্রবৃত্তি থেকেই মানুষ সমাজে বাস করে। মানুষের মানবিক বিকাশ ও প্রত্যাশার কারণে একজন আরেকজনের সান্নিধ্য কামনা করে। প্রেমপ্রীতি–ভালোবাসার গভীর বন্ধন মানুষকে একতাবদ্ধ করে। সকলকে নিয়ে মিলেমিশে থাকার ৰেত্রে সমাজের ভূমিকা অপরিসীম।

**প্রশ্ন ॥ ৫ ॥ সমাজ গঠনের প্রথম ধাপ বলা হয় কোনটিকে? ব্যাখ্যা কর।**
**উত্তর :** পরিবারকে সমাজ গঠনের প্রথম ধাপ বলা হয়। পরিবার সমাজের ক্ষুদ্র একক এবং সমাজ গঠনের আদি রূ প। পরিবার থেকে গোত্র, সম্প্রদায় ও জাতি–গোষ্ঠীতে ছড়িয়ে পড়েছে মানুষ। এভাবেই ক্ষুদ্র থেকে বৃহত্তর সমাজের উদ্ভব হয়েছে। সমাজের ভিত্তি স্থাপিত হয় পরিবার দিয়ে।

**প্রশ্ন ॥ ৬ ॥ কৃষিভিত্তিক সমাজের শুরবর দিকে কীভাবে জমি চাষ করা হতো?**
**উত্তর :** কৃষিভিত্তিক সমাজের শুরবর দিকে মানুষ লাঙল ব্যবহার করা শেখেনি। তখন লাঠির মতো হাতলের সঙ্গে পাথরের ফলক বাঁধা এক রকম কোদাল দিয়ে মাটি আলগা করে জমি চাষ করা হতো।